

মোবাইল ফোন উপহার দেয়ার মত শুভাকাজক্ষী নেই পপির

বিনোদন রিপোর্ট : চলচ্চিত্রের শীর্ষ নায়িকাদের কাতারে অবস্থান করলেও পপির হাতে কোন মোবাইল ফোন নেই। এ প্রসঙ্গে তার দৃষ্টি আকর্ষণ করা হলে পপি বলেন, কেউ আমাকে মোবাইল উপহার দিলে ব্যবহার করতে পারি। নিজের পয়সা দিয়ে যন্ত্রণাদায়ক ওই যন্ত্রটি কিনতে রাজি নই। পপি বললেন, মোবাইল ফোন উপহার দেয়ার মতো কোন শুভাকাজক্ষীর দেখা এখনো পাইনি। পপি এখন ব্যস্ত নায়িকাদের একজন হলেও তাকে খুঁজে পাওয়া কোনো কোনো সময় অসম্ভব হয়ে পড়ে। তার বাসার ফোন বেশিরভাগ সময় বন্ধ থাকে। পপি বলেন, সকালে এবং রাতে দু'ঘণ্টা করে ফোনের লাইন খোলা রাখা হয়। কেউ ইচ্ছা করলে ওই সময় আমাকে পেতে পারেন।

বেতারের গানের ডালি অনুষ্ঠান বন্ধ হয়ে গেল

বিনোদন রিপোর্ট : বাংলাদেশ বেতারের নিয়মিত অনুষ্ঠান গানের ডালি বন্ধ হয়ে গেছে। শ্রোতাপ্রিয় এ অনুষ্ঠানটি শ্রোতাদের পছন্দের গান নিয়ে সাজানো হতো। সপ্তাহের সাতদিনই দুপুরে প্রচার হতো এটি। অসংখ্য শ্রোতা চিঠি লিখে তাদের পছন্দের গান পরিবেশন করার জন্য অনুরোধ জানাত। এতে প্রতি মাসে প্রায় ৭০ হাজার চিঠি অনুষ্ঠানে জমা হতো। কিন্তু এ অনুষ্ঠানটি বন্ধ হয়ে যাওয়ায় শ্রোতারা যেমন একটি চমৎকার অনুষ্ঠান থেকে বঞ্চিত হলো তেমনি ডাক বিভাগও প্রায় এক লাখ চল্লিশ হাজার টাকার আয় থেকে বঞ্চিত হলো। অনুষ্ঠানটি এতটাই শ্রোতাপ্রিয় হয়েছিল যে, এর নামে সমবায় সমিতি, ক্রিকেট ক্লাব এমনকি গানের স্কুল পর্যন্ত প্রতিষ্ঠা করে।

বাচসাস পুরস্কার-২০০১ ভিএইচএস এবং অডিও ক্যাসেট কপি আহবান

বিনোদন রিপোর্ট : বাংলাদেশ চলচ্চিত্র সাংবাদিক সমিতি (বাচসাস) পুরস্কার-২০০১ প্রদান করা হবে ২৯ মার্চ। চলচ্চিত্র, টেলিভিশন, অডিও, মঞ্চ, বিজ্ঞাপনচিত্র ও নৃত্য বিভাগে শ্রেষ্ঠত্বের বিবেচনায় প্রদান করা হবে বাচসাস পুরস্কার। এসব বিভাগের সঙ্গে সংশ্লিষ্টদের ২০০১ সালে প্রচারিত এবং প্রকাশিত টিভি নাটক, প্যাকেজ নাটক, টেলিফিল্ম, বিজ্ঞাপনচিত্রের ভিএইচএস কপি এবং অডিও ক্যাসেট কপি আহবান করা হয়েছে। পাঠানোর ঠিকানা- ১২৭, শান্তিনগর (পীর সাহেবের গলি), স্টার ভিউ কার্যালয়, ৫ম তলা। জমা দেয়ার সময় প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৫টা।

শাহনাজের দু'টি ছবি

বিনোদন রিপোর্ট : ঢাকার চলচ্চিত্রে পয়মস্ত নায়িকা হিসেবে পরিচিত শাহনাজের দু'টি ছবি এখন মুক্তির অপেক্ষায়। ওই সময়ে শাহনাজের ছবির সংখ্যা কমে গেলেও এই নতুন দু'টি ছবি তাকে আবার লাইম লাইটে নিয়ে আসবে বলে ধারণা করা হচ্ছে। শাহনাজের দু'টি ছবির একটি হচ্ছে 'বিজলী তুফান'। দেলোয়ার জাহান বন্টু পরিচালিত 'বিজলী তুফান' এ মাসের ২৯ তারিখে মুক্তি পাবে। ছবিতে শাহনাজের নায়ক মাহমুদ কলি। চলচ্চিত্রে আসার পর এই প্রথম মাহমুদ কলির সঙ্গে অভিনয় করলেন শাহনাজ। 'ওস্তাদের ওস্তাদ' নামে শাহনাজের আরো একটি ছবি সম্প্রতি সেস্বর ছাড়পত্র পেয়েছে। এই ছবিতে শাহনাজের নায়ক ওস্তাদ জাহাঙ্গীর আলম। এই নায়কের সঙ্গেও এই প্রথম অভিনয় করলেন শাহনাজ। এ কারণে শাহনাজ দু'টি ছবি নিয়ে আশা-নিরাশার দোলায় দুলছেন।

'বিনিময়'-এর নির্মাণ কাজ শুরু

বিনোদন রিপোর্ট : ইনকিলাব টেলিভিশন (আইটিভি) অনুমোদিত আজাদী টেলিফিল্ম-এর ব্যানারে নির্মিতব্য

বিনোদনমূলক ম্যাগাজিন অনুষ্ঠান 'বিনিময়'-এর নির্মাণ কাজ এখন পুরোদমে চলছে। আবুল কালাম আজাদ পরিচালিত ও উপস্থাপিত ২৫ মিনিটের এই ধারাবাহিক অনুষ্ঠানটি বিনোদনপিয়াসী দর্শকদের বিনোদনে নতুন মাত্রা যোগ করবে বলে নির্মাতাদের বিশ্বাস। আজাদী টেলিফিল্ম-এর স্বত্বাধিকারী এবং 'বিনিময়'-এর নির্মাতা উপস্থাপক আজাদ জানান, অনুষ্ঠানটি দর্শকদের আকৃষ্ট করবে এবং দর্শকপ্রিয়তা পেলে শতাধিক পর্বে অনুষ্ঠানটি নির্মিত হবে।

মুক্তিযুদ্ধভিত্তিক আলোকচিত্র প্রদর্শনী

বিনোদন রিপোর্ট : স্বাধীনতা দিবস উপলক্ষে শিল্পকলা একাডেমী এক আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করেছে। প্রদর্শনীতে মুক্তিযুদ্ধভিত্তিক প্রায় ৯০টি আলোকচিত্র স্থান পাবে। প্রদর্শনীর উদ্বোধন হবে আগামী ২৬ মার্চ শিল্পকলা একাডেমীর নীচতলায়। প্রদর্শনী চলবে সপ্তাহব্যাপী। প্রতিদিন দুপুর ২.০০ থেকে সন্ধ্যা ৭.০০টা এবং শুক্রবার সকাল ১১.০০টা থেকে সন্ধ্যা ৭.০০টা পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে।